



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ওয়েবসাইট: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ব্যাংক পরিদর্শন বিভাগ-২  
(এমআইএস ও আরবিআই সেল)

ডিবিআই-২ সার্কুলার নং-১

তারিখ : ফাল্গুন ১২, ১৪২০ বঙ্গাব্দ  
ফেব্রুয়ারি ২৪, ২০১৪ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১(সংশোধিত ২০১৩) এর ৩৬(২) নং ধারা এবং অত্র কার্যালয়ের এর ০৪-০৮-২০১৩ তারিখের পত্র নং ডিবিআই-২(এমআইএস ও আরবিআই উঃবিঃ)/২২/ ২০১৩-৩৬৭ এ প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত পত্রে তফসিলি ব্যাংক সমূহের প্রধান কার্যালয় ও এডি শাখা সমূহকে সংযোজিত ছক মোতাবেক তথ্য দাখিলের পরামর্শ প্রদান করা হয়েছিল। বাংলাদেশ ব্যাংকের চলমান অটোমেশন প্রক্রিয়ার অংশ হিসেবে এবং ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমকে অধিকতর কার্যকর করে তোলায় লক্ষ্যে বিদ্যমান ছক সমূহে কতিপয় তথ্য সংযোজনপূর্বক নতুনভাবে তা প্রণয়ন করা হয়েছে। এ প্রেক্ষিতে ফেব্রুয়ারি, ২০১৪ হতে সংশোধিত আকারে প্রণয়নকৃত আইএসএস ফরম ১, ২, ৩ ও ৪ সঠিকভাবে পূরণপূর্বক ১ম পর্যায়ে সকল তফসিলি ব্যাংক এর প্রধান কার্যালয় ও এডি শাখাসমূহকে প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের **Web Portal**-এ রিপোর্ট করতে হবে।

০৩। নির্ধারিত আইএসএস ফরম ১, ২, ৩ এবং ৪ মোতাবেক তথ্য **Web Portal**-এর মাধ্যমে আপলোড করণের পাশাপাশি ছকসমূহের ব্যাক-আপ(এক্সেল ফরমেটে প্রস্তুতকৃত) কপি প্রতিটি ব্যাংকের প্রধান কার্যালয়কে সংরক্ষণ করতে হবে এবং তা (এক্সেল ফরমেটে রক্ষিত আইএসএস ফরম ১, ২, ৩ ও ৪ এর ব্যাক আপ কপি) প্রতি মাসের ১০ তারিখের মধ্যে **bb.iss@bb.org.bd** ঠিকানায় ই-মেইল মাধ্যমে অত্র বিভাগের এমআইএস ও আরবিআই সেল এ প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৪। প্রতি ত্রৈমাসান্তে তফসিলি ব্যাংক এর শাখাসমূহ তাদের সিএল বিবরণী এক্সেল ফরমেটে প্রস্তুত করতঃ তার সম্পূর্ণ (সিএল ফরম-১ থেকে সিএল ফরম-৫) সফটকপি পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে তাদের প্রধান কার্যালয়ে প্রেরণ করবে এবং প্রধান কার্যালয়কে সকল শাখা থেকে প্রাপ্ত ত্রৈমাসিক সিএল বিবরণীর সফটকপিসমূহ একই মাসের ২৫ তারিখের মধ্যে **bb.iss@bb.org.bd** ঠিকানায় ই-মেইল মারফত অথবা সিডি/পেনড্রাইভ মারফত অত্র বিভাগে দাখিল করতে হবে।

০৫। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য/বিবরণী দাখিলে ব্যর্থ হলে কিংবা দাখিলকৃত বিবরণীতে অসম্পূর্ণ বা ভুল তথ্য প্রদান করা হলে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (সংশোধিত ২০১৩) এর নির্ধারিত ধারার বিধান অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে অর্থ দণ্ড আরোপ/শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। অনিবার্য কারণ বশতঃ নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত বিবরণীসমূহ দাখিল করা সম্ভব না হলে তা বিবরণী দাখিলের সর্বশেষ সময়সীমা অতিক্রমের অন্যান্য ০২(দুই) দিন পূর্বে অত্র বিভাগের এমআইএস ও আরবিআই সেলকে লিখিতভাবে অবহিত করতে হবে।

সংযুক্তি : আইএসএস ফরম -১ প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য  
আইএসএস ফরম -২ সকল শাখার (এডি ও ননএডি) জন্য প্রযোজ্য  
আইএসএস ফরম -৩ প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য  
আইএসএস ফরম -৪ সকল শাখার (এডি ও ননএডি) জন্য প্রযোজ্য  
আইএসএস তথ্য পূরণ ও ওয়েবে তথ্য প্রেরণ নির্দেশিকা

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোস্তফা কামাল)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫৬